

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.pressinform.gov.bd



বিষয় : ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS) বাস্তবায়ন বিষয়ে আঞ্চলিক তথ্য অফিসসমূহের জন্য ফিডব্যাক সভা/কর্মশালার কার্যবিবরণী (সরাসরি/ভার্চুয়ালি)।

সভাপতি : জনাব মো. শাহেনুর মিয়া, প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব) ও সভাপতি, নৈতিকতা কমিটি, তথ্য অধিদফতর, ঢাকা।  
তারিখ : ১৩.০২.২০২২ খ্রি.  
সময় : সকাল ১১.০০ টায়।  
স্থান : তথ্য অধিদফতরের সম্মেলন কক্ষ।

সভাপতি মহোদয় সভা/কর্মশালায় উপস্থিত তথ্য অধিদফতরের নৈতিকতা কমিটির সদস্য, অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়ালি সংযুক্ত আঞ্চলিক তথ্য অফিসের দপ্তর প্রধান ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আঞ্চলিক তথ্য অফিসের দপ্তর প্রধানগণ প্রধান তথ্য অফিসার মহোদয়ের অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে এবং সমস্যা সমাধানে প্রধান তথ্য অফিসার মহোদয়ের সানুগ্রহ সহযোগিতা কামনা করেন। পর্যায়ক্রমে আঞ্চলিক তথ্য অফিস চট্টগ্রাম, খুলনা এবং রাজশাহীর উপপ্রধান তথ্য অফিসারগণ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করেন।


আঞ্চলিক তথ্য অফিসসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে বিভিন্ন বিষয়ে আলোচনাপূর্বক প্রধান তথ্য অফিসার মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত/নির্দেশনা প্রদান করেন :

ক্র.ন.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়ন	আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী'র ২০২১-২০২২ অর্থবছরে গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন লক্ষ্যমাত্রা পূরণে সচেষ্ট থাকতে হবে। নবসৃষ্ট আঞ্চলিক তথ্য অফিসসমূহ ২০২২-২৩ অর্থবছর হতে এপিএ চুক্তি স্বাক্ষর করবে বিধায় সদর দপ্তর এবং বিভিন্ন আঞ্চলিক তথ্য অফিসের সাথে যোগাযোগ রক্ষা করে কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা লাভ করবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়।	উপপ্রধান তথ্য অফিসার আঞ্চলিক তথ্য অফিস (সকল)
০২	কর্ম পরিবেশ উন্নয়ন	আঞ্চলিক তথ্য অফিসসমূহে দীর্ঘদিনের অব্যবহৃত পুরাতন নথিসমূহ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী শ্রেণিবিন্যাস করে বিনষ্টকরণসহ অপয়োজনীয় ও মেরামত অযোগ্য পুরাতন আসবাবপত্র/মালামাল অকোজোকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস (সকল)
০৩	ই-নথি	বিভাগীয় কমিশনার/অন্যান্য অফিসের সাথে যোগাযোগ রক্ষা করে সকল আঞ্চলিক তথ্য অফিস ই-নথিতে যুক্ত হবে। এছাড়া, নাগরিক সেবা প্রদান/অভিযোগ গ্রহণের সুবিধা সংবলিত ওয়েবসাইট চালু করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ৩১ মার্চ, ২০২২ তারিখের মধ্যে ই-নথি কার্যক্রমে যুক্ত হওয়ার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস (সকল)
০৪	অডিট আপত্তি	আঞ্চলিক তথ্য অফিসের অডিট কার্যক্রম সম্পন্নের জন্য সদর দপ্তরের সাথে যোগাযোগ করে প্রতি বছরান্তে আর্থিক বিষয়ের অডিট সম্পন্ন করার বিষয়ে অডিট অধিদপ্তরে স্ব স্ব অডিট সম্পন্ন পত্র প্রেরণ করবে। সদর দপ্তরের অডিট নিষ্পন্নকারী কর্মকর্তা এবিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সভায় সিদ্ধান্ত।	উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস (সকল) ও সিনিয়র তথ্য অফিসার (সমন্বয় ও বিতরণ)

চলমান পাতা/০২

ক্র.ন.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০৫	নিয়মিত উপস্থিতি, প্রশিক্ষণ আয়োজন এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি	সকল কর্মকর্তা ও কর্মচারী অফিসে নিয়মিত উপস্থিত থাকবেন। এছাড়া, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি কোভিড-১৯ অতিমারিকালীন স্বাস্থ্য সচেতনতার বিষয়সমূহ প্রতিপালন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত হয়।	উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস (সকল)

সভা/কর্মশালায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় অংশগ্রহণকারী (সরাসরি/ভার্চুয়ালি) সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: শাহেনুর হুসিয়া

প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৪৬০৯১


ই-মেইল : pio@pressinform.gov.bd

নং-১৫.৫২.০০০০.০১১.১৮.২৩১.১৮(অংশ-৯). ৫৫২

তারিখ: ১৫.০২.২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। নৈতিকতা কমিটির সকল সদস্য, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৩। উপসচিব (প্রশাসন-৪ শাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ০৫। সিনিয়র তথ্য অফিসার, (প্রশাসন/সমন্বয় ও বিতরণ/প্রেসট্রেন্ড), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৬। প্রশাসনিক, ক্রয়, অতিরিক্ত হিসাবরক্ষণ, বিতরণ কর্মকর্তা ও সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৭। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৮। সংশ্লিষ্ট নথি।



গাজী শরীফা ইয়াছমিন  
তথ্য অফিসার

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NIS)

ফোন: ৯৫৪০০১৯

